ঝিনাইদহের কালীচরণপুর ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের ২০২৪-২৫ অর্থবছরে নতুন কর আরোপ ছাড়াই ৯৬ লাখ ৬০ হাজার ৬৯৪ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে।

আজ বুধবার (২৯ মে) দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে এক বাজেট সভায় এ বাজেট ঘোষণা করেন।

উন্মুক্ত বাজেট ঘোষণা করেণ ইউপি সচিব মোঃ আমিনুর রহমান।

এসময় ১৫ নং কালীচরণপুর ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি মোদাচ্ছের হোসেন, ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শামসুল আলম, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন, সংরক্ষিত ইউপি সদস্য রেশমা খাতুন, ইউপি সদস্য শরিফ উদ্দীন, শামছুল ইসলাম, আব্দুল মজিদ, সাইফুল ইসলাম সহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।